গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১ নং কামারখালী ইউনিয়ন পরিষদ

মধুখালী, ফরিদপুর।

স্মারক নং: কামার/ইউপি/মধু:/ফরিদ/২০২৩/ তারিখ: ২৯/০৮/২০২৩ খ্রি:

ইউনিয়ন পর্যায়ে সামাজিক সম্প্রীতি কমিটি গঠনের কার্যবিবরনীঃ-

স্থানঃ কামারখালী **U.P.C ভবন। তারিখ ঃ ২৯/০৮/২০২৩ ইং সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।**

সভাপতি ঃ জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী, ইউপি চেয়ারম্যান।

উপস্থিত সদস্যবৃন্দের নাম ও পদবীঃ

ক্রমিক নং	নাম	পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর	মন্তব্য
০১	জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী	ইউপি চেয়ারম্যান	সভাপতি	স্বাক্ষরিত	
০২	জনাব আবু বক্কার মোল্যা	বীর মুক্তিযোদ্ধা	সদস্য	স্বাক্ষরিত	
০৩	জনাব মোঃ মনিরুজ্জামান চৌধুরী	স্থানীয় গন্যমান্য ব্যক্তি	সদস্য	স্বাক্ষরিত	
০৪	জনাব রমেন দত্ত	মন্দির প্রতিনিধি	সদস্য	স্বাক্ষরিত	
০৫	জনাব সাজেদুল ইসলাম (দুলু)	ইউপি সদস্য	সদস্য	স্বাক্ষরিত	
০৬	জনাব মোঃ সরোয়ার ফকির	ইউপি সদস্য	সদস্য	স্বাক্ষরিত	
০৭	জনাব মোঃ নুরুল ইসলাম মোল্যা	ইউপি সদস্য	সদস্য	স্বাক্ষরিত	
০৮	জনাব নব কুমার দত্ত	প্রধান শিক্ষক (কামারখালী সরকারী প্রাথমিক বিদ্যালয়)	সদস্য	স্বাক্ষরিত	
০৯	জনাব তাফসিরুল ইসলাম	ইমাম (বীরশ্রেষ্ঠ কলেজ মসজিদ)	সদস্য	স্বাক্ষরিত	
১০	জনাব মনোয়ার হোসেন ইমরান	ধর্মীয় শিক্ষক	সদস্য	স্বাক্ষরিত	
১১	জনাব মোঃ এহছান আলী	ইমাম (কামারখালী বাজার জামে মসজিদ)	সদস্য	স্বাক্ষরিত	
১২	জনাব শংকর চট্টোপাধ্যায়	মন্দির প্রতিনিধি	সদস্য	স্বাক্ষরিত	
১৩	জনাব মনিরা খাতুন	ছাত্রী (সরকারী বীরশ্রেষ্ঠ আঃ রউফ কলেজ)	সদস্য	স্বাক্ষরিত	
১৪	জনাব মোছাঃ আছমা বেগম	সংরক্ষিত মহিলা সদস্য	সদস্য	স্বাক্ষরিত	
১৫	জনাব মোঃ আশরাফ মোল্যা	ইউপি সদস্য	সদস্য	স্বাক্ষরিত	
১৬	জনাব মোঃ আছাদুজ্জামান মুন্সী	ইউপি সদস্য	সদস্য	স্বাক্ষরিত	
১৭	জনাব মোঃ আলমগীর হোসেন	ইউপি সদস্য	সদস্য	স্বাক্ষরিত	
১৮	জনাব মোঃ জসিম শেখ	ইউপি সদস্য	সদস্য	স্বাক্ষরিত	
১৯	জনাব মন্দিরা বোস	নারী প্রতিনিধি	সদস্য	স্বাক্ষরিত	
২০	জনাব সান্টু দেব	এস. আই (মধুখালী থানা)	সদস্য	স্বাক্ষরিত	
২১	জনাব মোঃ লুৎফর রহমান	স্থানীয় গন্যমান্য ব্যক্তি (সাবেক কামারখালী ইউপি চেয়ারম্যান)	সদস্য	স্বাক্ষরিত	
২২	জনাব আফিয়া আক্তার	ইউপি সচিব	সদস্য সচিব	স্বাক্ষরিত	

অদ্য ২৯/০৮/২০২৩ খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার ১ নং কামারখালী ইউনিয়ন পরিষদ, মধুখালী, ফরিদপুরে ইউনিয়ন পর্যায়ে সামাজিক সম্প্রীতি কমিটি গঠনের এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী, ইউপি চেয়ারম্যান, কামারখালী, মধুখালী, ফরিদপুর। সভাপতির সভাপতিত্বে ইউনিয়ন পর্যায়ে সামাজিক সম্প্রীতি কার্যক্রম শুরু করা হইল।

সামাজিক সম্প্রীতি কমিটির সভাপতি জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী উপস্থিত সামাজিক সম্প্রীতি কমিটির সকল সদস্যকে স্বাগতম জানিয়ে তাঁহার কার্যক্রম শুরু করিলেন। সভায় সভাপতি সাহেব সকল সদস্যকে জানান যে, সামাজিক সম্প্রীতিতে কোন সমস্যা পরিলক্ষিত হয় কি না তা সকলকে বলার জন্য অনুরোধ করেন।

সভায় মোঃ মনিরুজ্জামান চৌধুরী সকলকে শুভেচ্ছা জানিয়ে তিনি তাঁহার কথা উপস্থাপন করেন। তিনি বলেন যে, সামাজিক সম্প্রীতি হলো মানুয়ের মধ্যে স্বজনপ্রীতি, সৌহার্দ্যপূর্ণ সহ সকল সম্প্রীতি বজায় রাখা। তিনি দল-মত-নির্বিশেষে সকলকে একত্রিত হয়ে কাজ করার কথা জানান। তিনি সকল সদস্যদেরকে বলেন যে, কামারখালী ইউনিয়নের মাথা হলো আপনারা, তাই আপনারা সকলেই একত্রিত হয়ে এ এলাকার সকল জনগণসহ এ ইউনিয়নকে সহযোগীতা করবেন বলে তাঁর আশা ব্যক্ত করেন। তিনি সভায় আরও জানান যে, সরকারি অফিসের বিভিন্ন ধরনের গোয়েন্দা সংস্থা সব বিষয়ে সব সময় পর্যবেক্ষণ করছেন। এলাকায় কোনো অসামাজিক কাজ করা যাবে না এবং কেউ যাতে না করে সে বিষয়ে সকলকে সতর্ক থাকতে হবে। সমাজে সকলকে নিয়ে একসাথে চলতে হবে। একজন আরেকজনের বিপদে ঝাপিয়ে পড়তে হবে। তিনি আরও জানান যে, যে যে দলই করুক না কেনো সকলকে একত্রিত হয়ে সমাজে একে অপরের পাশে থাকতে হবে এবং সামাজিক সম্প্রীতি বজায় রাখতে হবে। তাঁর মতে যে সকল সদস্য যে সকল জনগণের ভোট পায়না তারা তাঁদের সহযোগীতা করেন না, সুতরাং এ বিষয়ে তিনি সকল সদস্যকে একত্রিত হয়ে কাজ করার কথা জানান। এরপর তিনি ধন্যবাদ জানিয়ে তাঁর বক্তব্য তিনি এখানেই শেষ করেন।

সভায় ৭ নং ওয়ার্ডের সদস্য মোঃ আবুল কালাম আজাদ জানান যে, সামাজিক সম্প্রীতি সমাজে বজায় রাখতে হবে এবং মানুষের মধ্যে কোনো ভেদাভেদ রাখা যাবে না। তিনি আরও জানান যে, মোঃ মনিরুজ্জামান চৌধুরী যে কথাটি বলেছেন যে, আমাদের যারা ভোট দেয়না আমরা নাকি তাঁদের কোনো সহযোগীতা করি না কিন্তু এ কথাটি সম্পূর্ণ ভূল। আমাদের যখন যা আসে আমরা তা সঠিকভাবে সঠিক লোককে দিয়ে থাকি। আবার অনেক সময় আমাদের সীমানার মধ্যে থাকতে হবে তা না হলে আমরা কীভাবে দিব। আমরা সামাজিক সম্প্রীতির যেনো কোনো অবক্ষয় না হয় সেদিকে লক্ষ্য রাখি এবং সকলকে এ বিষয়ে সজাগ থাকতে বলি। এ বলেই তিনি তাঁর কথা শেষ করেন।

সভায় উপস্থিতি সদস্যদের থেকে বিভিন্ন সামাজিক সম্প্রীতির কথা উপস্থাপন করেন। জনাব মোঃ এহছান আলী, ইমাম (কামারখালী বাজার জামে মসজিদ) বলেন যে, সমাজে সামাজিক সম্প্রীতির তেমন কোন সমস্যা নেই বলে তিনি নিশ্চিত করেন।

এছাড়া ইউপি সদস্য জনাব মোঃ নুরুল ইসলাম মোল্যা বলেন যে, আমাদের ইউনিয়নে সামাজিক সম্প্রীতিতে কোন ব্যাঘাত ঘটেনি। তাছাড়া পুলিশ প্রশাসন আমাদের ইউনিয়নে অনেক সাহায্য ও সহায়তা করেছেন। এছাড়া সকল ধর্ম-বর্ণ-নির্বিশেষে এক হয়ে থাকার জন্য বলেন।

ইউপি সংরক্ষিত মহিলা সদস্য জনাব মোছাঃ আছমা বেগম বলেন যে, আমাদের ইউনিয়নে সামাজিক সম্প্রীতির কোন সমস্যা নেই।

১নং কামারখালী সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব নব কুমার দত্ত বলেন যে, সামাজিক সম্প্রীতি সারাদেশের মধ্যে উল্লেখযোগ্য এবং সকলকে তাদের নিজ নিজ জায়গায় সক্রিয় থেকে সামাজিক সম্প্রীতিমূলক কাজ করার জন্য আহবান জানান।

বীর মুক্তিযোদ্ধা আবু বক্কার মোল্যা সভায় বলেন যে, সামাজিক সম্প্রীতি কথাটি পূর্ণাঙ্গভাবে আপনাদেরকে বুঝতে হবে। কয়েকটি এলাকা নিয়ে একটি গ্রাম গঠিত আর এভাবেই পর্যায়ক্রমে একটি সমাজ গঠিত হয়ে থাকে। তিনি জানান যে, ৪ নং ওয়ার্ডে একটি চুরির ঘটনা ঘটেছে যাহাতে তিনি খুবই দুঃখিত এবং উদ্বিগ্ন।। এ বিষয়ে তিনি চেয়ারম্যান সাহেবকে সহযোগিতা করার কথা জানান। তিনি সকল সদস্যদেরকে বলেন যে, আপনাদেরকে জনগণ যেহেতু ভোট দিয়ে বানিয়েছেন সুতরাং আপনারা জনগনকে সকল ধরনের সহযোগীতা করবেন বলে তিনি তাঁর আশা ব্যক্ত করেন। তিনি আরও জানান যে, মানুষ মরণশীল। সুতরাং আপনাদেরকে আপনাদের উপর যে দায়িত্ব অর্পিত রয়েছে সেগুলো সঠিকভাবে পালন করতে হবে। তিনি সকলকে সামাজিক সম্প্রীতি বজায় রেখে চলতে হবে একথা জানান। এছাড়া, সকলকে সামাজিক সম্প্রীতি বজায় রাখতে সকলকে সতর্ক ও সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করেন।

এছাড়া ইউনিয়ন পরিষদের ৪ নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ আছাদুজ্জামান মুন্সী বলেন যে, আমাদের ইউনিয়নে সামাজিক সম্প্রীতির কোনো সমস্যা ঘটেনি। কোন দলীয়ভাবে তাহারা কোনো কাজ করেন না বরং তাহারা একত্রিত হইয়ে সমাজে সকল কাজ করে থাকেন।

১ নং কামারখালী ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান জনাব মোঃ লুৎফর রহমান বলেন যে, কামারখালী ইউনিয়নে পরিষদে সামাজিক সম্প্রীতির সার্বিক পরিবেশ অনেক ভালো আছে। তিনি আরও বলেন যে, অন্যান্য জায়গায় যে সব সমস্যা দেখা যায়, সেক্ষেত্রে আমাদের ইউনিয়নে কোন সমস্যাই নেই। মুসলমান-হিন্দু-বৌদ্ধ-খ্রিষ্টান ধর্ম-বর্ণ-নির্বিশেষে সকলে একত্রিত হয়ে কাজ করার জন্য সভায় প্রস্তাব রাখেন। তিনি আরও বলেন যে, মানুষকে ভালোবাসতে হবে এবং বুকে টেনে নিতে হবে। মানুষের বিপদের সময় এগিয়ে আসতে হবে। তাহলে সমাজে কোন বিশৃঙ্খলা সৃষ্টি হবে না। এতে একে অপরের প্রতি ভালোবাসা ও মহব্বত তৈরি হইবে।

জনাব ৬ নং ওয়ার্ডের সদস্য মোঃ আশরাফ মোল্যা বলেন যে, গ্রিক দার্শনিক এরিস্টটল বলে গেছেন যে, মানুষ সামাজিক জীব। মানুষ যদি সুন্দরভাবে কাজ না করেন, তাহলে ভালো কিছু করা সম্ভব নয়। তিনি আরও বলেন যে, ১ নং কামারখালী ইউনিয়নে সদস্য হওয়ার পর থেকে তেমন কোন অসামাজিক কার্যকলাপ দেখেননি।

জনাব মন্দিরা বোস বলেন যে, সবার উর্ধ্বে হল মানুষ। তিনি আরও বলেন যে, গত দশ বছরে আমরা যদি পিছনে ফিরে তাকাই, তাহলে সেসব ধ্বংসের পিছনে দায়ী হল তরুণ যুবকরা। বর্তমান ক্ষেত্রে যেইটা পরিলক্ষিত হয়, সেইটা হল আমরা যদি মানুষের সাথে শত্রুতার সৃষ্টি করি, মানুষের সাথে দাঙ্গামার সৃষ্টি করি, তাহলে আমরা কোন ভাবেই আগামী দিনগুলোতে সামনে যাইতে পারব না। তাই সকলের মধ্যে সতর্কতা তৈরি করতে হইবে। ফেসবুক ও টুইটারে কোন অসামাজিক কিছুতে লাইক দেওয়া যাইবে না এবং মোবাইল ব্যবহারে অতি সতর্কতা অবলম্বন করতে হইবে। এছাড়া সাইবার ক্রাইম থেকে সতর্কতা হইতে হইবে।

মোট কথা হলো সকল অসামাজিক কর্মকান্ড থেকে বিরত থাকতে হইবে। এছাড়া কামারখালী ইউনিয়নে কোন অসামাজিক কর্মকান্ড তিনি পরিলক্ষিত হতে দেখেন নি। এছাড়া মানুষের মাঝে যেন ভেদাভেদ সৃষ্টি না হয়, সেদিকে সকলকে সতর্কতা অবলম্বন ও প্রত্যেকে এক হইয়ে কাজ করার দৃঢ় প্রতিজ্ঞা জ্ঞাপন করেন। ধর্ম-বর্ণ-নির্বিশেষে মানুষ যাতে এক হয়ে সবাই সবার পাশে থাকে, সেদিকে লক্ষ্য রাখার কথা তিনি বলেন।

সভাপতি সাহেব বলেন যে, আমাদের ১ নং কামারখালী ইউনিয়নের বর্তমান সচিব জনাব আফিয়া আক্তার অত্যন্ত সুন্দর ও নিষ্ঠার সাথে মিলে মিশে কাজ করে যাচ্ছেন। তিনি আরও বলেন যে, সামাজিক সম্প্রীতিতে এক ধর্ম থেকে অন্য ধর্মে কোন কিছু অর্থাৎ কোন সমস্যা তৈরি করা করা যাইবে না। তিনি আরও বলেন যে, কোন গুজবে কান না দিয়ে সঠিকভাবে কাজ করার অনুরোধ করেন। তিনি ইউনিয়ন পরিষদে সঠিকভাবে কাজ করার কথা জানান এবং সকলকে একত্রিত হইয়ে কাজ করার আহ্বান জানান এবং সকলকে সামাজিক সম্প্রীতি বিষয়ে অবহিতকরণ এবং সার্বিক সহযোগিতা প্রদান করার আশা ব্যক্ত করেন। তিনি তার মূল্যবান বক্তব্য এখানেই শেষ করেন।

অত:পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সামাজিক সম্প্রীতি কমিটির সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করে তিনি তাহার কার্য এখানেই শেষ করেন।

সভাপতি

২৯/০৮/২০২৩ খ্রিঃ

(মোঃ রাকিব হোসেন চৌধুরী)

চেয়ারম্যান

১ নং কামারখালী ইউনিয়ন পরিষদ

মধুখালী, ফরিদপুর।

মোবাইল: ০১৭১২-৮৭৭১২৩।

ইউনিয়ন সামাজিক সম্প্রীতি কমিটির সভা
স্থান : ইউপি. কার্যালয় সভাকক্ষ।
তারিখ : ২৯-০৮-২০২৩
সভাপতি : জনাব রাকিব হোসেন চৌধুরী
চেয়ারম্যান, ১নং কামারখালী ইউনিয়ন পরিষদ।
পরিচালনায় : আফিয়া আক্তার
সচিব, ১নং কামারখালী ইউনিয়ন পরিষদ।